# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd

নং-বামাশিবো/প্রশা/বরগুনা-৫৪/২৮০

তারিখ: ২৮ পৌষ ১৪৩২ / ০৮ জানুয়ারী ২০২৬

**বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে**

সূত্র : গত ০১.০১.২০২৬ইং তারিখের আবেদন;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বরগুনা জেলার বামনা উপজেলাধীন বামনা মহিলা দাখিল মাদ্রাসার অনুমোদিত এডহক কমিটির সভাপতি মোঃ মোস্তাফিজুর রহমান এর বিরুদ্ধে চাঁদা ও দুর্নীতি সংক্রান্ত বিষয়ে উক্ত মাদ্রাসার সকল শিক্ষক ও কর্মচারী অভিযোগ করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৮.০১.২৬

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ঢাকা

উপজেলা নির্বাহী অফিসার
বামনা, বরগুনা।

নং-বামাশিবো/প্রশা/বরগুনা-৫৪/

তারিখ: ২৮ পৌষ ১৪৩২ / ০৮ জানুয়ারী ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. জেলা প্রশাসক, বরগুনা;
২. জেলা শিক্ষা অফিসার, বরগুনা;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বামনা, বরগুনা;
৪. সুপার/ভারপ্রাপ্ত সুপার, বামনা মহিলা দাখিল মাদ্রাসা, ডাকঘর ও থানা-বামনা, বরগুনা;
৫. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

০৮/১/২৬

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

তারিখঃ ০১/০১/২০২৬ইং

বরাবর,

চেয়ারম্যান

মাদ্‌রাসা শিক্ষা বোর্ড

ঢাকা।

বিষয়ঃ বামনা মহিলা দাখিল মাদ্‌রাসা'র সভাপতি মোঃ মোস্তাফিজুর রহমান-এর বিরুদ্ধে চাঁদা ও দুর্নীতির অভিযোগ প্রসঙ্গে।

মাননীয় মহোদয়,

বিনীত নিবেদন এই যে, বামনা মহিলা দাখিল মাদ্‌রাসা, কোড-১৭৩৬৮, EIIN-100139-এর এডহক কমিটির সভাপতি মোঃ মোস্তাফিজুর রহমান (উচ্চমান সহকারী, মাদরাসা শিক্ষা বোর্ড), দীর্ঘ ১৬ (ষোল) বছর ধরে মাদ্‌রাসা'র সভাপতি হিসেবে কার্যক্রম পরিচালনা করছেন। অত্র মাদ্‌রাসা'র অর্থ আত্মসাতের কৌশল হিসেবে এবং সুপারের ভাউচার ব্যবহার করে ২০২৩ সালে সরকারি ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা অনুদান, সাধারণ তহবিল হিসাবে, পূবালী ব্যাংক, বামনা শাখা-থেকে ৭,৫৯,০০০/- (সাত লক্ষ উনষাট হাজার) টাকা, বিগত বছরের সকল টিউশন ফি, সততা স্টোর ও মাদ্‌রাসা'র আঙ্গিনায় ফুল গাছ লাগানোর অর্থ ক্ষমতা ও চাপ প্রয়োগ করে তুলে নিয়েছেন।

এছাড়াও বর্তমানে মাদরাসায় সরকারিভাবে নতুন একটি ভবনের কাজ চলমান আছে। ভবনটির অনুমোদন ২০২২ সালে, কাজ শুরু হয় ২০২৪ সালের সেপ্টেম্বর মাসে, কাজ শুরুর ২ মাস পর মন্ত্রণালয়ের অজুহাত দেখিয়ে সভাপতি-শিক্ষকদের কাছ থেকে ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা চাঁদা দাবী করেন। কাতার চ্যারিটির পক্ষ থেকে আমরা একটি নতুন ভবন পাই, অত্র ভবনটির কাজ অসম্পূর্ণ রেখে (টয়লেট, ফার্নিচার ও বেঞ্চ) ভবনের উদ্বোধন করা হয়েছে। কর্তৃপক্ষ সেখানেও শিক্ষকদের কাছ থেকে ১,৭০,০০০/- (এক লক্ষ সত্তর হাজার) টাকা চাঁদা দাবী করেন। অত্র মাদরাসায় দু'টি পুরাতন টিনের ঘর ছিল, যা'র বাজারমূল্য নূন্যতম ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা। সেই টিনের ঘর দু'টি সভাপতি মহোদয় নিয়ে গেছেন। বর্তমানে নির্মাণাধীন ভবনের উত্তোলনকৃত মাটি ও বালু, সভাপতি মহোদয় নিয়ে গিয়েছেন, যার বাজারমূল্য প্রায় ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

এমতাবস্থায়, সভাপতি শিক্ষকদের কাছ থেকে বিভিন্ন ভুয়া খাত সৃষ্টি করে প্রায় ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা চাঁদা দাবী করেন। বিগত ২৪/১২/২০২৫ ইং তারিখ এডহক কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় শিক্ষক ও অভিভাবক প্রতিনিধি সভাপতির উল্লেখিত প্রস্তাবে রাজি না হওয়ায় শিক্ষকদের নভেম্বর মাসের বেতন বন্ধ করে দেয়। চাঁদা দিতে রাজি না হলে তারা শিক্ষকদের বেতন দিবেন না বলে হুমকি দেন। এমনকি সভাপতির মাধ্যমে ভীতি প্রদান করা হয় যে, পূর্ণাঙ্গ কমিটি আসলে শিক্ষকদের বিপদ আরও বাড়বে। এই পরিস্থিতিতে মাদ্‌রাসা'র শিক্ষা কার্যক্রম ব্যাহত এবং এলাকায় অভিভাবকদের মধ্যে ক্ষোভ সৃষ্টি হচ্ছে। আমরা দুর্নীতির বিরুদ্ধে ঐক্যবদ্ধভাবে লড়াই করতে দৃঢ় প্রতিজ্ঞ।

সভাপতি মহোদয় জানুয়ারী/২০২৬ সেশনের ভর্তি কার্যক্রমে ছাত্রীদের কাছ থেকে ভর্তি ফি ১,০০০/- (এক হাজার) টাকা, সেশন ফি ২,০০০/- (দুই হাজার) টাকা ও মাসিক বেতন ৫০০/- (পাঁচশত) টাকা নিতে সুপারকে প্রস্তাব দেন। উক্ত প্রস্তাবের ফলে প্রতিষ্ঠানের ভর্তি কার্যক্রম ব্যাহত এবং অভিভাবকদের মধ্যে ক্ষোভ সৃষ্টি হচ্ছে।

মাদ্‌রাসা'র বিগত ০৫ বছরের দাখিল পরীক্ষার ফলাফল ২০২১ সালে পাশের হার ১০০%, ২০২২ সালে ৭৬.৪৭%, ২০২৩ সালে ৭৬.৪৭%, ২০২৪ সালে ৯০.৪৮%, ২০২৫ সালে ৭০.৪৮%।

অতএব, বিনীত প্রার্থনা এই যে, এই চাঁদাবাজ-দুর্নীতিবাজ সভাপতি ও সুপারের বিরুদ্ধে কর্তৃপক্ষকে ব্যবস্থা গ্রহণ করার জন্য বিনীত অনুরোধ করা হলো এবং শিক্ষক-কর্মচারীদের উল্লেখিত দুর্নীতিবাজ সভাপতি'র কাছ থেকে পরিত্রান পেতে পারি তার বিহীত ব্যবস্থা গ্রহণে আপনার মর্জি হয়।

বিনীত আবেদনকারী,

অত্র মাদ্‌রাসা'র সকল শিক্ষক ও কর্মচারী

বামনা মহিলা দাখিল মাদ্‌রাসা

বামনা, বরগুনা।